

মন্ত্রিপরিষদ বিভাগের ফেব্রুয়ারি ২০১৬ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: ফেব্রুয়ারি ২০১৬

প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১৩ মার্চ ২০১৬

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: মন্ত্রিপরিষদ বিভাগ	২৪৫	১৯২	৫৩
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: দুর্নীতি দমন কমিশন	১,২৬৪	৯৩৮	৩২৬
মোট	১,৫০৯	১,১৩০	৩৭৯

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	০৭	১১	১৯	১৬	৫৩
দুর্নীতি দমন কমিশন	-	-	৩৪	২৮	১২৯	০৩	১৯৪*

* সুপারনিউমেরারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-
২।	দুর্নীতি দমন কমিশন	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	১৬	-	১৬	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	২৫-২৭ ফেব্রুয়ারি ২০১৬ মেয়াদে সরকারি সফরে যশোর, কুষ্টিয়া ও মেহেরপুর জেলা পরিদর্শন করেন।		
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থ- বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
National Integrity Strategy Support Project	৫২৩.০০	৫০২.০১ (৯৫.৯৮%)	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১১টি	০.৩৬৪	০১	০০	১১টি	২০১৩-১৫ (তিন) অর্থ-বছরের নিরীক্ষাকার্য সম্প্রতি সম্পন্ন হয়। উক্ত নিরীক্ষাকার্যে নিরীক্ষা দল কর্তৃক ৪টি অডিট আপত্তি উত্থাপন করা হয়। তন্মধ্যে ১টি আপত্তির বিপরীতে ১৩,৩৮৬ টাকা সরকারি রাজস্ব ক্ষতি হিসাবে উল্লেখ করা হয়। অবশিষ্ট ৩টি অডিট আপত্তি আর্থিক অনিয়ম সংক্রান্ত। এ ছাড়া, বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগে ০৭টি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা টাকার ৪র্থ সহকারী জজ আদালতে বিচারাধীন আছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৭টি	২৮৩.১৫	০০	০০	১৭টি	ত্রিপর্যায় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	৩২টি	৯৮৩.৫১৪	০৫	০০	৩২টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০১	-	-	-	-	০১	-
দুর্নীতি দমন কমিশন-১৫	-	-	-	-	১৫	০৭

* প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন কোষে স্থানান্তর করা হয়।

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	Mainstreaming Environment and Climate Change and Disaster Risk Management in Development Planing স্থান: জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি।	০৯-১১ ফেব্রুয়ারি ২০১৬	সাধারণ অর্থনীতি বিভাগ	একজন উপসচিব
দুর্নীতি দমন কমিশন	২।	আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এবং কাস্টমস আইন, ১৯৬৯	৩১ জানুয়ারি ২০১৬ থেকে ০৪ ফেব্রুয়ারি ২০১৬	দুর্নীতি দমন কমিশন	২০ জন
	৩।	পিপিআর বিষয়ক প্রশিক্ষণ	১৮ ফেব্রুয়ারি ২০১৬	সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়	২৫ জন
	৪।	English Language Proficiency	০৩ জানুয়ারি ২০১৬ থেকে ১৩ ফেব্রুয়ারি ২০১৬	জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি	২ জন
	৫।	Office Automation for Organizational Development	১০ জানুয়ারি ২০১৬ থেকে ০৩ ফেব্রুয়ারি ২০১৬	জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি	২ জন
	৬।	Investigating and Prosecuting Financial Crime	০২-০৪ ফেব্রুয়ারি ২০১৬	DOJ(OPDAT), US, Embassy	৮ জন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা:
নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের
কোন অসুবিধা আছে কি না; হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: দুই জন।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সঙ্কট:

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভার পাঁচটি, মন্ত্রিসভা-বৈঠকে সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয়সভা চারটি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দুইটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দুইটি, জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি এবং প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর ১১১তম সভা অনুষ্ঠিত হয়।

(২) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভা-বৈঠকসমূহে ২৬টি সিদ্ধান্ত গৃহীত হয়। এর মধ্যে ১২টি বাস্তবায়িত হয় এবং ১৪টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ সরকারি সফরে ২৮ ফেব্রুয়ারি ২০১৬ তারিখ রবিবার ১১০০ ঘটিকায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-০০৫ ফ্লাইট যোগে যুক্তরাজ্যের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মহামান্য রাষ্ট্রপতির প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৪) ১৯৮৯ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের দলিলাদির (কার্যবিবরণীসহ সারসংক্ষেপ এবং বিজ্ঞপ্তি) ফটোকপির কাজ সম্পন্ন হয়।

(৫) বিদেশি মান্যবর রাষ্ট্রদূত/ হাই কমিশনার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচিবগণের যোগদানের অনুমতি সংক্রান্ত একটি পত্র জারি করা হয়।

(৬) কর ব্যতীত রাজস্ব (Non-Tax Revenue) ও জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত কর রাজস্ব (Non NBR Tax Revenue) আয়ের সংশোধিত প্রাক্কলন এবং প্রাক্কলন ও প্রক্ষেপণ সিনিয়র সচিব, অর্থ বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

(৭) বাজেট বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক প্রতিবেদন প্রণয়নের জন্য ২০০৯-১০ থেকে ২০১২-১৩, ২০১৩-১৪ অর্থ-বছর এবং ২০১৪-১৫ অর্থ-বছরের বাজেটে ঘোষিত গুরুত্বপূর্ণ কার্যক্রম/কর্মসূচির দ্বিতীয় প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন সিনিয়র সচিব, অর্থ বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

(৮) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত জানুয়ারি দ্বিতীয় পক্ষ ও ফেব্রুয়ারি প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দুটি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়। প্রতিবেদনে উপস্থাপিত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।

(৯) ২৮ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ২৮টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(১০) ১৬ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে চাঁদপুর জেলা রাজস্ব সম্মেলনের সঙ্গে ভিডিও কনফারেন্সিং অনুষ্ঠিত হয়।

(১১) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় চার্জশিটভুক্ত ৩ জন এফ আর টি ৮ জন, নথিভুক্তির জন্য ৫৮ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিষয় অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(১২) বিভিন্ন আইনে ৩২ জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(১৩) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ জানুয়ারি ২০১৬ মাসে প্রমাপ অনুযায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন, দর্শন করেছেন। প্রমাপ অর্জন এবং পরিদর্শন ও রাত্রিযাপন প্রতিবেদন প্রেরণের এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের KPI (Key Performance Indicators)-ভুক্ত এবং এ মাসে KPI-এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়।

(১৪) জনাব মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী, অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ১০ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলাধীন একনম্বর বালিখুবা (প:) ইউনিয়ন পরিষদ কার্যালয় ও ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন করেন; মোসাম্মৎ নাসিমা বেগম, যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ২৫ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে কুড়িগ্রাম জেলা পরিদর্শন করেন; জনাব হাবিবুর রহমান, উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ২০ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে সিলেট জেলার ওসমানীনগর পরিদর্শন করেন এবং জনাব মোহাম্মদ আব্দুল ওয়াদুদ চৌধুরী, সিনিয়র সহকারী সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ১৭ ডিসেম্বর ২০১৫ তারিখে সিলেট জেলার

ফেব্রুগঞ্জ উপজেলা পরিদর্শন করে। পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত মন্তব্য/সুপারিশের ওপর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে পত্র প্রেরণ করা হয়।

(১৫) লিথুয়ানিয়ার মাননীয় প্রধানমন্ত্রী H.E. Mr. Algirdas Butkevicius ১৬-১৮ ফেব্রুয়ারি ২০১৬ মেয়াদে বাংলাদেশে সরকারি সফরকালে ১৭ ফেব্রুয়ারি ২০১৬ তারিখ সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন। সফরকালে তাঁকে উপযুক্ত সৌজন্য প্রদর্শন, প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ও নিরাপত্তা বিধানের ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, ঢাকাকে নির্দেশনা প্রদান করা হয়।

(১৬) বিভিন্ন দেশের High Commissioner, Ambassador ও দূতাবাসের কর্মকর্তাবৃন্দ বিভিন্ন জেলা সফর করেন। সফরকালে তাঁদেরকে উপযুক্ত সৌজন্য প্রদর্শন, প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ও নিরাপত্তা বিধানের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করা হয়।

(১৭) বিবেচ্য মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১৬ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া যায়। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ১৩ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(১৮) জেলা প্রশাসকগণের অগ্রাধিকারভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক ও সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৯) পাবলিক সার্ভিস ইনোভেশন এবং দায়িত্ব পালনের ক্ষেত্রে অনন্য অবদান রাখার জন্য পুরস্কার প্রদানের বিষয় সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২০) ‘জনবান্ধব ভূমি অফিস’ বিষয়ক সোশ্যাল মিডিয়া সংলাপের সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য ভূমি মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর গাজীপুর, কক্সবাজার, গোপালগঞ্জ, জয়পুরহাট, নারায়ণগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, পটুয়াখালী, সিলেট ও চট্টগ্রাম সফর উপলক্ষে সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২২) মহামান্য রাষ্ট্রপতির হিরণ পয়েন্ট, সুন্দরবন, পায়রা বন্দর, কুয়াকাটা, জামালপুর, ময়মনসিংহ ও টাঙ্গাইল সফর উপলক্ষে সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৩) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাসিক বেতন ও অন্যান্য ফি সরকারের নির্দেশনা ব্যতিরেকে বর্ধিত হারে আদায় না করার ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, শিক্ষা মন্ত্রণালয় এবং সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৪) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০১৬ উদ্‌যাপনের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৫) ‘জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০১৬’ উদ্‌যাপনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৬) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৯৭তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস-২০১৬ যথাযথভাবে উদ্‌যাপনের বিষয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রণীত জাতীয় কর্মসূচি সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর করা হয়।

(২৭) কমিউনিটি ক্লিনিক ও শিশু বিকাশ সংক্রান্ত কার্যক্রমে সহযোগিতা প্রদানের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৮) আসন্ন কৃষিসেচ মৌসুমে জ্বালানি তেলের নিরবচ্ছিন্ন সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৯) জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে সকল প্রতিষ্ঠানসমূহকে কানেকটিভিটির আওতায় আনার লক্ষ্যে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩০) সিআরভিএস পাইলট কার্যক্রম বাস্তবায়নের জন্য ব্রাহ্মণবাড়ীয়া জেলার সদর উপজেলার বাসুদেব ইউনিয়নের সকল প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদেরকে ০৭ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে প্রশিক্ষণ প্রদান করা হয়। বর্তমানে তথ্য-সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে।

(৩১) Bloomberg Data for Health Initiative, Bangladesh-এর প্রতিনিধিদের সঙ্গে ১১-১৮ ফেব্রুয়ারি ২০১৬ মেয়াদে একাধিক সভা এবং কর্মশালা অনুষ্ঠিত হয়।

(৩২) ১৮ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন সংক্রান্ত কারিগরি কমিটির সভা অনুষ্ঠিত হয়।

(৩৩) ১৩ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে কক্সবাজার জেলা সদরে এবং ২৬ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে যশোর জেলায় ‘Awareness Raising on National Integrity Strategy (NIS)’ শীর্ষক দুইটি সেমিনার আয়োজন করা হয়।

(৩৪) ২৪ জানুয়ারি ২০১৬ থেকে ০১ ফেব্রুয়ারি ৭-১০ ফেব্রুয়ারি এবং ১৪-১৭ ফেব্রুয়ারি ২০১৬ মেয়াদে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থার শুদ্ধাচার ফোকাল পয়েন্টগণের অংশগ্রহণে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ে দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত ২য় প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

(৩৫) ০৩ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে অভিযোগ প্রতিকার ব্যবস্থাসমূহের একত্রীকরণ বিষয়ক সভা অনুষ্ঠিত হয়।

(৩৬) অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা এবং আপীল কর্মকর্তা মনোনয়ন সংক্রান্ত পত্র জারি করা হয়

(৩৭) মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার স্ব স্ব ওয়েবসাইটে নতুন ফরমেটে সিটিজেন্স চার্টার আপলোড এবং দপ্তর ও সংস্থার সিটিজেন্স চার্টার সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সিটিজেন্স চার্টার-এর সঙ্গে লিংক স্থাপনকরণ সংক্রান্ত নির্দেশনা জারি করা হয়।

(৩৮) লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার ডেভেলপমেন্ট সম্পন্ন হয়েছে। সকল কর্মকর্তার ইউজার আইডি তৈরি করে বিতরণ করা হয়।

(৩৯) সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সচিবগণের বাংলা এবং ইংরেজি নামের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হয়।

(৪০) জাপান সরকারের ওডিএ পলিসি ডায়লগ মিশনের সঙ্গে আলোচনার জন্য বাংলাদেশ সরকারের অবস্থান নিরূপণ ও করণীয় নির্ধারণের লক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সাংক্রান্ত ‘Synopsis of JICA Supported NIS Support Project’ অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করা হয়।

গ. আগামী দুই (মার্চ-এপ্রিল) মাসে সম্পাদিতব্য অতীত গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয়সভা অনুষ্ঠান।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৪) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৫) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৭৯তম সভা অনুষ্ঠান।

(৬) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৭) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৮) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।

(৯) ১৯৮৯ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের দলিলাদির সংরক্ষণের মেয়াদ ২৫ বছর অতিক্রান্ত হওয়ায় তা জাতীয় আর্কাইভস-এ হস্তান্তর সংক্রান্ত কার্যক্রম।

(১০) 'Preparatory Phase of Civil Registration and Vital Statistics in Bangladesh' শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া সম্পাদন।

(১১) স্বাধীনতা পুরস্কার, ২০১৬-এর কার্যাবলি সম্পাদন।

(১২) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(মো: আবদুল্লাহ হারুন)

উপসচিব

ফোন: ৯৫৫৭৪৪৯

e-mail: report_sec@cabinet.gov.bd